

৬২০  
২০১৬/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
শাখা-৭  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moca.gov.bd

২৪/৮/২০২০

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.০৬৫.১৮.১৩২

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৭  
২৪ আগস্ট ২০২০

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুসরণীয় নির্দেশাবলী।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২০-২১ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুকূলে অনুদান/ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সাংস্কৃতিক প্রতিষ্ঠান/অসচ্ছল সংস্কৃতিসেবীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করে জাতীয় দু'টি পত্রিকায় (দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় গত ২০/০৮/২০২০ তারিখে ও দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৩/০৮/২০২০ তারিখে) বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ঢাকা মহানগরীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান/অসচ্ছল সংস্কৃতিসেবীদেরকে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর এবং অন্যান্য জেলার ক্ষেত্রে নিজ নিজ জেলার জেলা প্রশাসক বরাবর আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে অবশ্যই আবেদন করতে হবে।

০২। গত ২০১৯-২০ অর্থবছরে কলাগণ অনুদান খাত হতে ভাতাপ্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের তথ্যাবলী মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে। গত ২০১৯-২০ অর্থবছরে উক্ত খাত হতে ভাতাপ্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের কোন আবেদন বা তালিকা মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজন নেই। গত অর্থবছরে ভাতাপ্রাপ্ত সংস্কৃতিসেবীদের মধ্য থেকে ইতোমধ্যে যারা মৃত্যুবরণ করেছেন এবং যারা বরাদ্দকৃত ভাতা উত্তোলন করেননি তাদের তথ্য পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। শুধুমাত্র নতুন অসচ্ছল সংস্কৃতিসেবীদের আবেদন এ সংক্রান্ত ঢাকা মহানগর/জেলা কমিটি কর্তৃক যাঁচাই-বাছাই পূর্বক অগ্রাধিকারভিত্তিক সর্বোচ্চ ২০টি আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩০/১০/২০২০ তারিখের মধ্যে অবশ্যই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে অনুদান প্রত্যাশি সকল প্রতিষ্ঠানকে চলতি ২০২০-২১ অর্থবছরে অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে একই পদ্ধতিতে (ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর এবং অন্যান্য জেলার ক্ষেত্রে নিজ নিজ জেলার জেলা প্রশাসক বরাবর) আবেদন করতে হবে। এক্ষেত্রে গত ২০২০-২১ অর্থবছরে অনুদানপ্রাপ্ত আবেদনকারী প্রতিষ্ঠানের সকল আবেদন তাদের কার্যক্রম কমিটি কর্তৃক যাঁচাই-বাছাইপূর্বক মন্ত্রণালয়ে অগ্রায়ন করতে হবে এবং নতুন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রাপ্ত আবেদন একই পদ্ধতিতে যাঁচাই-বাছাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সর্বোচ্চ ২০টি নতুন আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩০/১০/২০২০ তারিখের মধ্যে অবশ্যই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৪। উল্লেখ্য, আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তির তথ্যাবলী নির্ধারিত ফরমে (ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.moca.gov.bd](http://www.moca.gov.bd) এ পাওয়া যাবে) অবশ্যই NikoshBAN Font-এ টাইপ করে Microsoft Office Word Document File আকারে sas.section7@moca.gov.bd এই ঠিকানায় E-mail এ প্রেরণ করতে হবে এবং Soft Copy CD আকারে সংশ্লিষ্ট কাগজপত্রসহ সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (দৃ: আ: সিনিয়র সহকারী সচিব(শাখা-৭), কক্ষ নম্বর-১০০৬, তলা-১১, ভবন নম্বর-৬) বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পৌঁছাতে হবে।

০৫। চলতি ২০২০-২১ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্তাবলী এবং উপরোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। মহাপরিচালক  
বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

২। জেলা প্রশাসক,.....।

৩। কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি,.....।

Salarina  
সাবরীনা রহমান ২৪.০৮.২০২০

সিনিয়র সহকারী সচিব

ফোন: -৯৫১১০৭১

ই-মেইল: sas.section7@moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.০৬৫.১৮.১৩২

তারিখ: ২৪ আগস্ট ২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বর্ণিত পত্রটি সেলের মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, দেশের সকল জেলা প্রশাসকের কার্যালয় এবং সকল জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি বরাবর ই-মেইল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৪. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি/গার্ড ফাইল।

সাবরীনা রহমান  
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
(সাধারণ শাখা)


স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০৭.৬৫.০০৩(অংশ-১).২০. ২১৩

তারিখ : ২৭/০৮/২০২০ খ্রি.

ছয়ালিপি সদয় অবগতি ও বর্ণিত পত্রের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/কাজিপুর/রায়গঞ্জ/তাড়াশ/  
উল্লাপাড়া/শাহজাদপুর/কামারখন্দ/বেলকুচি/চৌহালী, সিরাজগঞ্জ
- ২। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
- ৩। জেলা কালচারাল অফিসার, সিরাজগঞ্জ
- ৪। সহকারী কমিশনার(গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
(জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(ডায়েরী নং-১২০২/২০২০)



(সুমাইয়া সুলতানা এ্যানি)

সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।